# বান্দরবান পৌরসভা কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা।
ফোনঃ ০৩৬১-৬২৫৮৮, ফ্যাক্সঃ ০৩৬১-৬২৬১৬
E-mail : bandarbanmunicipal@gmail.com, Web : www.bdbps.org

স্মারক নং- বাঃ পৌঃ প্রকৌঃ বিঃপূর্তঃচার/১০০/২০২৬ তারিখঃ- ১০-০৫-২০২৬

## ইজারা বিজ্ঞপ্তি নং-০১/ ২০২৬-২০২৭

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পৌরসভার নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত খাতসমূহ ১ হতে ১০ ও ১৩ নং ক্রমিক পর্যন্ত ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য (জুলাই/২০২৬ ইং হতে জুন/২০২৭ ইং পর্যন্ত) এবং ১১ ও ১২ নং ক্রমিক ( জুলাই/২০২৬ ইং হতে জুন/২০২৯ ইং পর্যন্ত) ইজারা দেওয়ার নিমিত্তে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট হতে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল/দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত নিম্ন বর্ণিত সময় সূচী অনুযায়ী বর্ণিত স্থান সমূহের অফিস চলাকালীন সময়ে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) সিডিউল/দরপত্র সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল/দরপত্র ফরম বিক্রয় করা হবে না। তালিকাভুক্ত খাত সমূহের মধ্যে ১ম পর্যায়ে যে সকল খাতের দরপত্র গৃহীত হবে না শুধুমাত্র সে সকল খাতের দরপত্র ২য় পর্যায়ে গ্রহণ করা হবে। একই নিয়মে ৩য় পর্যায় পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। বর্ণিত সময় সূচী অনুযায়ী পৌর প্রশাসকের কার্যালয়, বান্দরবান পৌরসভা, বান্দরবান এ দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে

| ক্র: নং | খাতের নাম | বায়নার টাকা পে অর্ডার/ব্যাংক ড্রাফট | প্রতিসেট দরপত্র/সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১. | রোয়াংছড়ি বাস টার্মিনাল | উদ্ধৃত দরের ১০০% | ১০০০/- |
| ২. | কঞ্জারভেন্সী ট্যাক্স আদায় কেন্দ্র (নদী পথে) | উদ্ধৃত দরের ১০০% | ১৮০০/- |
| ৩. | বান্দরবান বাজার পাবলিক টয়লেট | ঐ | ১৮০০/- |
| ৪. | বান্দরবান বাসষ্টেশন পাবলিক টয়লেট | ঐ | ৫০০/- |
| ৫. | স্টেডিয়াম পাবলিক টয়লেট | ঐ | ৫০০/- |
| ৬. | বালাঘাটা বাজার পাবলিক টয়লেট | ঐ | ৫০০/- |
| ৭. | পৌর শপিং কমপ্লেক্স সংলগ্ন পাবলিক টয়লেট | ঐ | ১২০০/- |
| ৮. | কালাঘাটা খেয়া পারাপার | ঐ | ৫০০/- |
| ৯. | বালাঘাটা খেয়া পারাপার | ঐ | ৫০০/- |
| ১০. | বোটঘাটা পাবলিক টয়লেট | ঐ | ৫০০/- |
| ১১. | বনরূপা পাড়া গোদা (৩ বছরের জন্য) | ঐ | ৫০০/- |
| ১২ | রাঙ্গাঝিড়ি গোদা (৩ বছরের জন্য) | ঐ | ১০০০/- |
| ১৩ | বান্দরবান বাস টার্মিনাল | ঐ | ৪৬০০/- |

১) দরপত্রের সাথে, উদ্ধৃতমূল্যের ১০০% অর্থের সাথে মোট উদ্বৃত দরের (সমুদয় অর্থ+ উদ্বৃত দরের ১৫% ভ্যাট +১০% আয়কর) দাখিল করতে হবে (ফেরতযোগ্য)। তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রশাসক, বান্দরবান পৌরসভার অনুকূলে টাকা জমা প্রদান করতে হবে। (আয়কর উপজাতি ও অ-উপজাতীয় নির্বিশেষে)। উল্লেখ্য যে, কোন অবস্থাতেই বান্দরবান সদরের বাইরের তপসিলী ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

২) প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। উক্ত অংক যদি সরকারি মূল্য হতে কম হয় তাহলে পূনরায় দরপত্র আহ্বান করা হবে। ২য় বার দরপত্র আহ্বান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্ব্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হলে ইজারা প্রদানে কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৩) এক খাতের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খাতের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৪) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও খাতের নাম স্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে।

৫) সরকার অনুমোদিত টোল, রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে কোন টোল আদায় করা যাবে না।

৬) ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে রেইট চার্ট ঝুলিয়ে দিবেন।

৭) প্রত্যেক খাতের জন্য পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরদাতাকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮) ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯) ইজারাদারকে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১০) ইজারাদার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১১) প্রতিটি খাত যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় গ্রহণ যোগ্য এবং সরেজমিনে দেখে শুনে নিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

১২) ইজারাকালীন সময় সরকারী কোন উন্নয়মূলক কাজ হলে তাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। উন্নয়ন কাজের সময় কোন ক্ষতি সাধন হলে তৎবাবদ কোন ক্ষতি পূরণ বা সময় বর্ধিত করণের জন্য কোন আবেদন নিবেদন করা যাবে না। এ বিষয়ে কোন আবেদন নিবেদন করা হলে আইনত গ্রাহ্য হবে না।

১৩) টোল, ট্যাক্স, ইজারা বাবদ কোন অর্থ বান্দরবান পৌরসভা পাওনা থাকলে দরপত্রে অংশ গ্রহণের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল কিংবা পরিবর্তন, পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫) দরপত্রে কোন কাটাকাটি/ঘসামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে।

১৬) দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয় নাই কিন্তু সরকারিভাবে অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লেখিত আছে সে সকল আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৭) দরপত্র বিজ্ঞপ্তির ১৮নং অনুচ্ছেদে বর্ণিত তারিখ সমূহের বেলা ১২.০০ টা পর্যন্ত বর্ণিত কার্যালয়ের রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে এবং একই দিন বেলা ২.০০ ঘটিকার সময় পৌরসভায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রগুলি খোলা হবে।

১৮) সিডিউল/দরপত্র গ্রহন ও খোলার সময় সূচী এবং প্রাপ্তি ও দাখিলের স্থান ঃ-

| সিডিউল/দরপত্র গ্রহণের পর্যায় | সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল দরপত্র/ফরম প্রাপ্তির স্থান | সিডিউল/দরপত্র ফরম দাখিলের স্থান | সিডিউল/দরপত্র খোলার তারিখ স্থান/সময় |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২০-০৫-২০২৬ইং<br>বিকাল- ৪.০০ টা পর্যন্ত | ২১-০৫-২০২৬ ইং<br>দুপুর- ১২.০০ ঘটিকা | ক) জেলা প্রশাসক কার্যালয়, বান্দরবান।<br>খ) পুলিশ সুপার কার্যালয়, বান্দরবান।<br>গ) পৌর প্রশাসক কার্যালয়, বান্দরবান।<br>ঘ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান সদর।<br>ঙ) উপজেলা ভূমি অফিস, বান্দরবান সদর।<br>চ) ম্যানেজার, সোনালী ব্যাংক, বান্দরবান শাখা। | ক) জেলা প্রশাসক কার্যালয়, বান্দরবান।<br>খ) পুলিশ সুপার কার্যালয়, বান্দরবান।<br>গ) পৌর প্রশাসক কার্যালয়, বান্দরবান।<br>ঘ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান সদর।<br>ঙ) উপজেলা ভূমি অফিস, বান্দরবান সদর। | পৌর প্রশাসকের কার্যালয়, বান্দরবান।<br>সময় ঃ ২.০০ ঘটিকায় |
| ২য় পর্যায় | ০৮-০৬-২০২৬ইং<br>বিকাল- ৪.০০ টা পর্যন্ত | ০৯-০৬-২০২৬ ইং<br>দুপুর- ১২.০০ ঘটিকা | | | |
| ৩য় পর্যায় | ১৫-০৬-২০২৬ইং<br>বিকাল- ৪.০০ টা পর্যন্ত | ১৬-০৬-২০২৬ ইং<br>দুপুর- ১২.০০ ঘটিকা | | | |

প্রকৌশলী বিরল বড়ুয়া
নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য সচিব দরপত্র কমিটি
বান্দরবান পৌরসভা
তারিখঃ-

স্মারক নং -

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য:

০১) জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
০২) পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
০৩) প্রশাসক, বান্দরবান পৌরসভা।
০৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পৌরসভা।
০৫) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান সদর।
০৬) সহকারী কমিশনার ভূমি, বান্দরবান সদর।
০৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পৌরসভা।
০৮) ......................................, সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি। ২৩-০৫-২০২৬ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কক্ষে দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
০৯) জেলা প্রতিনিধি, দৈনিক আজকের দর্পন ও দৈনিক গিরিদর্পন বিজ্ঞপ্তিখানা আগামি ১১-০৫-২০২৬ ইং তারিখের পূর্বে যে কোন এক দিন ন্যূনতম সাইজে অনুলিপি ব্যতীত যে কোন একটি সংখ্যায় ছাপানোর জন্য এবং প্রকাশিত বিজ্ঞপ্তিসহ সংবাদপত্রের ০২ কপি অত্র কার্যালয়ে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পরে প্রকাশ করা হলে বিল পরিশোধ করা হবে না।
১০) নোটিশ বোর্ড/অফিস কপি।

10/05/26.

নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য সচিব দরপত্র কমিটি
বান্দরবান পৌরসভা